

শিক্ষকদের অনশন কর্মসূচি প্রত্যাহার, অবস্থান চলবে

সমকাল প্রতিবেদক
সরকারি স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও করিগরি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবিতে টানা ৬ দিন ধরে অনশন করে অবশেষে গতকাল বুধবার তা প্রত্যাহার করেছেন নন-এমপিও শিক্ষকরা। জাতীয় প্রেস ক্লাবের সামনে অনশনরত এসব শিক্ষকের অবস্থা খুবই সঙ্গিন হয়ে পড়ায় এ কর্মসূচি থেকে সরে আসা হয়েছে বলে সমকালকে জানান নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সভাপতি এশরত আলী। তিনি জানান, ইতিমধ্যে শতাধিক শিক্ষক অসুস্থ হয়ে পড়েছেন। গুরুতর অসুস্থ অর্ধশত শিক্ষককে রাজধানীর বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ নিয়ে গত তিন বছরে চতুর্থবারের মতো আন্দোলনে নেমেছেন এসব শিক্ষক। কয়েকবার পুলিশের লাঠিপেটা ও পিয়ার স্প্রে খেয়ে তারা বাড়ি ফিরে গেছেন। এবার গত এক সপ্তাহ ধরে আন্দোলন চললেও শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল কেউ এ শিক্ষকদের কোনো খবর নেননি। আন্দোলনরত শিক্ষকরা সমকালকে জানিয়েছেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন।
গতকাল বুধবার সকালে অন্যান্য দিনের মতো, নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন-এর ব্যানারে তারা

আমরণ অনশনে অংশ নেন। সকাল থেকে দিনভর দুই শতাধিক শিক্ষক ও কর্মচারী জাতীয় প্রেস ক্লাবের সামনের রাস্তার পাশে ওয়ে তাদের দাবির কথা সরকারের কাছে তুলে ধরেন। আন্দোলনরত শিক্ষকরা জানান, নন-এমপিও স্কুল-কলেজ-মাদ্রাসাকে সরকার স্বীকৃতি দিয়েছে কিন্তু এমপিওভুক্ত করেনি। এতে এসব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীরা বেতন-ভাতা পাচ্ছেন না। নামমাত্র সন্মানি নিয়ে তাদের সন্তুষ্ট থাকতে হচ্ছে। ফলে তথাপ্রযুক্তির এই যুগেও এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন-যাপন করছেন, যা অত্যন্ত দুঃখজনক।
গত ২৬ অক্টোবর থেকে দাবির পক্ষে প্রেস ক্লাবের সামনে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষক-কর্মচারীরা আন্দোলন করে আসছেন।